**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# নির্মল পরিবহনের দিকে নিউ ইয়র্কের উত্তরণ এগিয়ে নেওয়ার জন্য গভর্নর হোকলের আইন স্বাক্ষর

***এই আইন (S.8518A /A.6165A) বৈদ্যুতিক যানবাহনের চার্জিং স্টেশন স্থাপন করার ক্ষেত্রে প্রতিবন্ধকতাগুলো অপসারণ করতে সাহায্য করছে***

***নিউ ইয়র্ক স্টেটের 2025 সালের মধ্যে 850,000টি শূন্য-নির্গমন যানবাহনের লক্ষ্যমাত্রা এবং 2035 সালের মধ্যে সকল নতুন যাত্রীবাহী যানবাহন শূন্য-নির্গমন সম্পন্ন হওয়ার লক্ষ্যমাত্রা অর্জনের চালিকাশক্তি হিসেবে কাজ করছে***

গভর্নর ক্যাথি হোকল আজ একটি আইন স্বাক্ষর করেছেন যেটি বেসরকারি সম্পত্তিতে বৈদ্যুতিক যানবাহনের চার্জিং স্টেশন স্থাপনের প্রতিবন্ধকতাসমূহ অপসারণ করার মাধ্যমে নির্মল পরিবহন ব্যবস্থা গড়ে তোলার প্রচেষ্টাসমূহ এগিয়ে নিয়ে যাবে। এই আইন বাড়ির মালিকদের অ্যাসোসিয়েশনকে বাড়ির মালিকদের উপর তাদের ব্যক্তি মালিকানাধীন সম্পত্তিতে চার্জিং স্টেশন স্থাপন করার ব্যাপারে নিষেধাজ্ঞা আরোপ করা থেকে বিরত রাখবে এবং একইসাথে ইনস্টলেশন প্রক্রিয়ায় সময় অ্যাসোসিয়েশনগুলোকে মতামত প্রদান করার সুযোগ করে দেবে। নিউ ইয়র্কবাসীদের জন্য বৈদ্যুতিক যানবাহনের দিকে উত্তরণ সহজতর করার মাধ্যমে, এই আইন নিউ ইয়র্ক স্টেটের 2025 সালের মধ্যে 850,000টি শূন্য-নির্গমন যানবাহনের লক্ষ্যমাত্রা এবং 2035 সালের মধ্যে সকল নতুন যাত্রীবাহী যানবাহন শূন্য-নির্গমন সম্পন্ন হওয়ার লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অবদান রাখবে।

"আমরা বৈদ্যুতিক যানবাহনের মালিক হওয়া এবং চার্জ দেওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতাগুলো অপসারণ করার মাধ্যমে নির্মল পরিবহন ব্যবস্থার দিকে নিউ ইয়র্কের উত্তরণকে ত্বরান্বিত করছি," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্কবাসীদেরকে বৈদ্যুতিক যানবাহন ক্রয় করতে উৎসাহিত করাই যথেষ্ট নয় - আমাদেরকে অবশ্যই সবুজ অবকাঠামো নির্মাণ করতে হবে যা নিউ ইয়র্কবাসীদেরকে অধিকতর নির্মল ও সবুজতর পরিবহনের মাধ্যম বেছে নিতে অনুপ্রাণিত করবে। আমার প্রশাসন আমাদের শূন্য-নির্গমন সম্পন্ন পরিবহন ব্যবস্থার লক্ষ্যকে এগিয়ে নিয়ে যাওয়া অব্যাহত রাখবে, এবং এই আইন আগামী কয়েক প্রজন্মব্যাপী আমাদের জলবায়ু এবং আমাদের কমিউনিটিগুলোর স্বাস্থ্যকে উপকৃত করবে।"

এই আইন (S.8518A /A.6165A) ব্যক্তি মালিকানাধীন সম্পত্তিতে বৈদ্যুতিক যানবাহনের চার্জিং স্টেশন স্থাপন করার ক্ষেত্রে প্রতিবন্ধকতাগুলো অপসারণ করতে সাহায্য করবে। নিউ ইয়র্কের জন্য নির্গমন সংক্রান্ত লক্ষ্যসমূহ অর্জনের জন্য বৈদ্যুতিক যানবাহনের প্রচলন বৃদ্ধি করা অপরিহার্য, কিন্তু চার্জিং স্টেশনের একটি শক্তিশালী নেটওয়ার্ক ছাড়া নিউ ইয়র্কবাসীরা গ্যাস দ্বারা চালিত যানবাহনের বিপরীতে বৈদ্যুতিক যানবাহনকে একটি বাস্তবসম্মত বিকল্প হিসেবে বিবেচনা করা থেকে নিরুৎসাহিত হতে পারেন। এই আইন বাড়ির মালিকদের অ্যাসোসিয়েশনকে বাড়ির মালিকদের উপর তাদের ব্যক্তি মালিকানাধীন সম্পত্তিতে চার্জিং স্টেশন স্থাপন করার ব্যাপারে নিষেধাজ্ঞা আরোপ করা থেকে বিরত রাখবে এবং একইসাথে ইনস্টলেশন প্রক্রিয়ায় সময় অ্যাসোসিয়েশনগুলোকে মতামত প্রদান করার সুযোগ করে দেবে। এই নতুন আইন অনুযায়ী কোনো বৈদ্যুতিক যানবাহনের চার্জার ইনস্টল করার জন্য বাড়ির মালিকের করা আবেদন প্রত্যাখ্যান অবশ্যই লিখিতরূপে হতে হবে এবং এতে আবেদন প্রত্যাখ্যাত হওয়ার কারণগুলোর বিস্তারিত বিবরণ থাকতে হবে। যদি 60 দিনের মধ্যে বাড়ির মালিককে কোনো লিখিত প্রত্যাখ্যানপত্র প্রদান না করা হয়, তাহলে আবেদনটি অনুমোদিত হয়েছে বলে গণ্য করা হবে যদি না এই বিলম্ব বাড়ির মালিকদের অ্যাসোসিয়েশনের তরফ থেকে আরো তথ্য চেয়ে করা যুক্তিসংগত অনুরোধের পরিপ্রেক্ষিতে হয়ে থাকে।

**স্টেট সিনেটর মাইকেল হিনচি বলেন,** "স্থানীয় পর্যায়ে জলবায়ু সংকটের বিরুদ্ধে লড়াই করা এবং আমাদের স্টেটের শূন্য-নির্গমন সম্পন্ন পরিবহন ব্যবস্থার লক্ষ্য পূরণের জন্য নিউ ইয়র্কবাসীদের জন্য বৈদ্যুতিক যানবাহনের মালিক হওয়া সহজতর করা অপরিহার্য। আমি অ্যাসেম্বলি সদস্য হার্ভে এপস্টেইন-এর সঙ্গে এই আইনের পৃষ্ঠপোষকতা করতে পেরে অত্যন্ত গর্বিত যে আইনটি বাড়িতে চার্জিং অবকাঠামো নির্মাণের বিষয়টিকে সম্প্রসারণ করছে এবং নিউ ইয়র্ক যাতে নির্মল জ্বালানির ভবিষ্যতের সম্মুখভাগে থাকতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করছে। আমার বিলটিতে স্বাক্ষর করে এটিকে আইনে পরিণত করার জন্য এবং জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যসমূহ অর্জনের ক্ষেত্রে তার শক্তিশালী অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলি সদস্য হার্ভে এপস্টেইন বলেন,** "নিউ ইয়র্কে, আমরা বৈদ্যুতিক যানবাহন প্রচলনের জন্য সাহসী লক্ষ্য নির্ধারণ করছি। এটি জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের ম্যান্ডেট অনুযায়ী নির্গমন কমিয়ে আনার জন্য আমাদের গৃহীত কর্মকৌশলের অংশ। কিন্তু এই পরিবর্তন নিয়ে আসার জন্য, আমাদেরকে অবশ্যই এটির সাথে সঙ্গতি রক্ষা করার মতো চার্জিং অবকাঠামো বিদ্যমান থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে। আমাদের আইন বাড়ির মালিকরা নিজেদের বাড়িতে EV চার্জার ইনস্টল করতে চাইলে যেসব প্রতিবন্ধকতার সম্মুখীন হতে পারেন সেগুলো অপসারণ করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের জন্য বৈদ্যুতিক যানবাহন বেছে নেওয়াকে সহজতর করছে। EV এর প্রচলন বৃদ্ধি করার গুরুত্ব অনুধাবন করতে পারায় গভর্নর হোকলকে ধন্যবাদ।"

এই আইন নিউ ইয়র্ক স্টেটের 2025 সালের মধ্যে 850,000টি শূন্য-নির্গমন যানবাহনের লক্ষ্যমাত্রা এবং 2035 সালের মধ্যে সকল নতুন যাত্রীবাহী যানবাহন শূন্য-নির্গমন সম্পন্ন হওয়ার লক্ষ্যমাত্রা অর্জনের দিকে এগিয়ে যেতে সাহায্য করবে। নিউ ইয়র্ক বেশ কিছু উদ্যোগের মাধ্যমে দ্রুত এসব লক্ষ্য অর্জনের দিকে এগিয়ে যাচ্ছে, যার মধ্যে EV মেক রেডি (EV Make

Ready), ইভলভ NY ( EVolve NY), ড্রাইভ ক্লিন রিবেট (Drive Clean Rebate), নিউ ইয়র্ক ট্রাক ভাউচার ইনসেন্টিভ প্রোগ্রাম (New York Truck Voucher Incentive Program), এবং চার্জ NY (Charge NY) ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। এসব প্রচেষ্টার ফলে 2021 সালে নিউ ইয়র্কে বৈদ্যুতিক যানবাহন বিক্রির পরিমাণ রেকর্ড সংখ্যক হারে বৃদ্ধি পেয়েছে, যা 2022 সালের সেপ্টেম্বর মাস নাগাদ সড়কে চলাচলকারী মোট EV-এর সংখ্যা 114,000-এরও বেশি এবং স্টেটে বিদ্যমান চার্জিং স্টেশনের সংখ্যা 10,000-এরও বেশিতে উন্নীত করেছে, যার মধ্যে লেভেল 2 ও ফাস্ট চার্জারও অন্তর্ভুক্ত রয়েছে।

**নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)**

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে৷ জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418